দৈনিক ইত্তেফাক

২৩/১১/২০০১

তারিখ ... ... ... ... ... ... ...

পৃষ্ঠা ১২ কলাম ৩

# চাঁদপুর সরকারী কলেজে শিক্ষকের অভাবে পাঠদান ব্যাহত

চাঁদপুর সংবাদদাতা ।। চাঁদপুর সরকারী কলেজে তীব্র শিক্ষক সংকট দেখা দিয়াছে। ফলে নিয়মিত ক্লাস পরিচালনার ক্ষেত্রে অসুবিধা হইতেছে। এই কলেজে ১৪টি বিষয়ে অনার্স, ৭টি বিষয়ে মাষ্টার্স ১ম পর্ব এবং ১১টি বিষয়ে মাষ্টার্স শেষ পর্ব, ডিগ্রী পাস কোর্স ও ইন্টারমিডিয়েট চালু রহিয়াছে।

(১০ম পৃঃ দ্রঃ)

## চাঁদপুর সরকারী কলেজে

(৮ম পৃঃ পর)

জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্দেশ অনুযায়ী এই কলেজে শিক্ষক থাকার কথা ১৫০ জন। আছেন মাত্র ৫৩ জন। তাহার উপর ২৫ জন প্রভাষকের পদ দীর্ঘদিন যাবৎ খালি পড়িয়া আছে। একটি সূত্র জানায়, দেশব্যাপী সরকারী কলেজ শিক্ষকদের ব্যাপক পদোন্নতি হওয়ার কারণেই নাকি এই শিক্ষক সংকট দেখা দিয়াছে। এই কলেজে বিষয়ওয়ারী শিক্ষকের শূন্য পদ হইতেছে নিম্নরূপ : বাংলায় ৭ জনের স্থানে ৫ জন, ইংরেজীতে ৪ জনের স্থলে ৩ জন, রাষ্ট্র বিজ্ঞানে ৭ জনের স্থলে ৫ জন, অর্থনীতিতে ৭ জনের স্থলে ৫ জন, ইতিহাসে ৪ জনের স্থলে ৩ জন, ইসলামের ইতিহাসে ৪ জনের স্থলে ৩ জন, দর্শনে ৪ জনের স্থলে ৩ জন, ইসলামিক ষ্টাডিজে ২ জনের স্থলে ১ জন, হিসাব বিজ্ঞানে ৬ জনের স্থলে ৪ জন, ব্যবস্থাপনায় ৪ জনের স্থলে ২জন, পদার্থ বিদ্যায় ৪ জনের স্থলে ১ জন, রসায়নে ৪জনের স্থলে ৩ জন, গণিতে ৪ জনের স্থলে ২ জন, উদ্ভিদ বিদ্যায় ৪ জনের স্থলে ২জন, প্রাণি বিদ্যায় ৪ জনের স্থলে ২জন, ভূগোলে ৪ জনের স্থলে ৩ জন। কলেজের একটি সূত্রে জানা যায়, শিক্ষক চাহিয়া কয়েক দফা চিঠি আদান-প্রদান করা হইয়াছে। কিন্তু অবস্থার কোন উন্নতি হয় নাই। এই কলেজে প্রায় সাড়ে ৩ হাজার ছাত্র-ছাত্রী রহিয়াছে।